ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স- ১৫৬৩
আগরতলা, ৪ জুলাই, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

"জিবিতে ট্রলির জন্য টাকা লাগে!," এই শিরোনামে প্রতিবাদী কলম পত্রিকায় গত ২ জুলাই, ২০২৫ প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে।এ বিষয়ে জিবিপি হাসপাতালের পক্ষ থেকে প্রাপ্ত রিপোর্টের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো যাচ্ছে যে, আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতালে রোগী পরিবহনের জন্য ট্রলি ও হুইলচেয়ার বিনামূল্যে সরবরাহ করা হয়।হাসপাতালের নির্ধারিত কর্মী ও ট্রলি অপারেটরগণ এই পরিষেবার দায়িত্বে নিযুক্ত।রোগী পরিবহনের জন্য কোনো রকম অর্থ নেওয়া সম্পূর্ণরূপে অনৈতিক এবং প্রশাসনের দৃষ্টিতে গুরুতর অপরাধ।যদি কোথাও এর ব্যতিক্রম ঘটে থাকে বলে দাবি করা হয়, তাহলে যথাযথ তথ্য সহকারে আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতালের কর্তৃপক্ষকে জানানোর জন্য অনুরোধ করা হচ্ছে, যাতে দোষীদের বিরুদ্ধে কঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা যায়। হাসপাতাল কর্তৃপক্ষ রোগীষেবাকে সর্বোচ্চ অগ্রাধিকার দেয় এবং কোনো অনিয়মকে প্রশ্রয় দেয় না।

******